গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : অক্টোবর, ২০১৮ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সভার কার্য বিবরণী।
সভাপতি : জনাব মোছাঃ সুলতানা পারভীন
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
সভার তারিখ : ২৮ অক্টোবর , ২০১৮। সময়ঃ দুপুর ১২.০০ টা।
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম গত ২৩/০৯/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সিদ্ধান্তসমূহ পাঠ করেন । উপস্থাপিত সেপ্টেম্বর ২০১৮ এর কার্য বিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয় সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্য বিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্য বিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

১। রাজস্ব সংস্থাপন সংক্রান্তঃ
সভায় এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ওজেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ পূরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় শূন্যপদ পূরণের তথ্য ছক আকারে উপস্থাপিত হয়:

| অফিসের নাম | পদের নাম/ শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়েররাজস্ব শাখা | সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি) | ১ | - | ১ | |
| | উপ-সহকারী প্রকৌশলী (২য় শ্রেণি) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | - | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৫ | ১৩ | ২ | সার্ভেয়ার ও ট্রেসার পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ৯ | ৯ | - | |
| জেলা প্রশাসকের কার্যালয়েরএল, এ শাখা | অতিঃ ভূমি অধিগ্রহণ কর্মকর্ত (১ম শ্রেণী) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | - | ২ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ৩ | ৫ | অফিস সহকারী, সার্ভেয়ার ও ট্রেসার পদ শূন্য। |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | |
| উপজেলা ভূমি অফিস (৯)টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ২ | ৭ | কুড়িগ্রাম সদর ও নাগেশ্বরী ব্যতিত ০৭ টি উপজেলায় পদ শূন্য । |
| '' | কানুনগো | ৯ | - | ৯ | |
| | সার্ভেয়ার | ৯ | ৬ | ৩ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ৩য় শ্রেণি | ২১১ | ১৫৯ | ৫২ | |
| | ৪র্থ শ্রেণি | ১৮৪ | ১৬৪ | ২০ | চেইনম্যান-১০ জন, অফিস সহায়ক-১০ জন |

**সিদ্ধান্ত :** রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম জানান জেলার ৯টি উপজেলার মধ্যে ০৭ টি উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) ও ৯ টি উপজেলায় কানুনগো, ৩টি উপজেলায় ৩ জন সার্ভেয়ার, জেলা প্রশাসক, কুড়িগ্রাম কার্যালয়েররাজস্ব শাখায় ১ জন এবং এল,এ শাখায় ২ জন সার্ভেয়ারের শূন্যপদ পূরণের জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ সহকারী কর্মকর্তা শূন্য পদে নিয়োগ/পদোন্নতির কার্যক্রম স্থগিত রয়েছে।নিয়োগ/পদোন্নতি প্রদানের জটিলতা থাকায় জনবলের স্বল্পতার অভাবে অফিসের কার্যক্রমে নানাভাবে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ কার্যালয়ের১০/০৫/২০১৮ খ্রিঃ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৯.১৮-৫৯৩(৩) নং স্মারকে ৩য় শ্রেণীর শূন্যপদ পূরণের জন্য ছাড়পত্র প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ৪র্থ শ্রেণীর শূন্যপদসমূহ পূরণের নিমিত্ত ছাড়পত্র প্রদানের জন্য এ কার্যালয়ের ০১/০৪/২০১৮ খ্রিঃ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৯.১৮-৪১২ নং স্মারকে ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে,ভূমি মন্ত্রণালয় থেকে অদ্যাবধি কোন মঞ্জুরীপত্র পাওয়া যায়নি। সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে এবং রাজস্ব প্রশাসনের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে সভাপতি রাজস্ব প্রশাসনের ৩য় ও ৪র্থ শ্রেণীরশূন্যপদসমূহ পূরণের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে জরুরি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করারজন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন।

**বাস্তবায়নেঃ** অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম।

চলমান পাতা-২

২। শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় জানান, বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ১/২০১৬, ০১/২০১৭, ০২/২০১৭,০৩/২০১৭ ও ০২/২০১৮ নম্বর মোট ০৫ (পাঁচ) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। ১/২০১৬ নম্বর বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। পরবর্তীতে সংশ্লিষ্ট অভিযুক্তকে ২য় কারণ দর্শানো হলে জবাব দাখিল করেছেন। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও অভিযুক্তের জবাব অনুযায়ী পরবর্তি আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। ১/২০১৭ নম্বর বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত কার্যক্রমচলমান। ০২/২০১৭ বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তানিয়োগ করা হয়েছে। তদন্ত কার্যক্রমচলমান। ০৩/২০১৭ মামলার নথি আদেশের জন্য পেশ করা হয়েছে। ০২/২০১৮ মামলার অভিযোগ বিবরণী ও অভিযোগনামার মাধ্যমে অভিযুক্তকে কারণ দর্শানো হয়েছে। জবাব পাওয়া গেছে। পরবর্তি আদেশের জন্য নথি পেশ করা হয়েছে। আলোচনান্তে সভাপতি সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করার জন্য তদন্তকারী কর্মকর্তগণকে নির্দেশনা প্রদান করেন। | ১। সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে ০১/২০১৭ ও ০২/২০১৭ বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম সম্পন্ন করে আগামী সভার পূর্বে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>২। ০২/২০১৮ বিভাগীয় মামলার দ্রুত তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) /রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণীঃ সেপ্টেম্বর ২০১৮

| ক্রঃ নং | নাম ও পদবি | কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | তদন্তকারী কর্মকর্ত নিয়োগের স্মারক ও তারিখ | তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মোঃ খালেকুজ্জামান<br>ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, ধলডাঙ্গা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০১/২০১৬<br>২০/০৬/১৬ | স্মারক নং-১২১২<br>তারিখঃ ২৮/০৯/১৭ | জনাব সাধন কুমার বিশ্বাস<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও অভিযুক্তের জবাব অনুযায়ী পরবর্তি আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| ২ | মোঃ আব্দুর রহমান<br>ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, রাজিবপুর, কুড়িগ্রাম | ০২/২০১৭<br>২০/০৯/১৭ | স্মারক নং- ৯১৪(৪)<br>তারিখঃ ১৬/০৮/১৮ | জনাব মিজ সালমা আক্তার<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্তকারী কর্মকর্ত নিয়োগ করা হয়েছে। তদন্ত কার্যক্রম চলমান। |
| ৩ | মোঃ গোলাম মর্তুজা আল ফারুক<br>ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা | ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, রাজিবপুর, কুড়িগ্রাম | ০১/২০১৭<br>২০/০৯/১৭ | স্মারক নং- 170(৫)<br>তারিখঃ 01/০২/১৮ | জনাব রিন্টু বিকাশ চাকমা<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত কার্যক্রম চলমান। |
| ৪ | জনাব মোঃ আব্দুর রহমান<br>ইউঃ ভূমি উপ-সহঃ কর্মকর্তা | পাইকের ছড়া ইউনিয়ন ভূমি অফিস, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০২/২০১৮<br>০৫/০৪/১৮ | - | - | অভিযোগ বিবরণী ও অভিযোগনামার মাধ্যমে অভিযুক্তকে কারণ দর্শানো হয়েছে। জবাব পাওয়া গেছে। পরবর্তি আদেশের জন্য নথি পেশ করা হয়েছে। |
| ৫ | জনাব মোঃ তোফায়েল হোসেন<br>নাজির কাম ক্যাশিয়ার | উপজেলা ভূমি অফিস, উলিপুর, কুড়িগ্রাম | ০৩/২০১৭<br>০৩/১২/১৭ | স্মারক নং-২৫৪(৫)<br>তারিখঃ ২৬/০২/১৮ | জনাব মিজ্ ফাতেমা খাতুন<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | নথি আদেশের জন্য পেশ করা হয়েছে। |

**৩। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনসংক্রান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতি বলেন যে, পরিদর্শন বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অন্তর্ভুক্ত সেপ্টেম্বর ২০১৮ মাসে উপজেলা নির্বাহী অফিসার কুড়িগ্রাম সদর/নাগেশ্বরী/রাজারহাট ও উলিপুর,কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর ও ফুলবাড়ী, কুড়িগ্রামের প্রমাপ অর্জিত হয়েছে। প্রমাপ অর্জনকারী কর্মকর্তাগণকে সভাপতি ধন্যবাদ জানান। বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে আগামীতে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করেন। সভাপতি গতানুগতিকভাবে বিভিন্ন উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন না করে সুনির্দিষ্ট বিষয়ের উপর পর্যালোচনা করে নিজস্ব মতামতসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে পরামর্শ প্রদান করেন। এ ছাড়া তিনি উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে তাঁর নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহভূমি সংস্কার বোর্ডের নির্ধারিতপ্রমাপ অনুযায়ী দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসেরমধ্যে ই-মেইলে ও ফ্যাক্স-এ এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনাপ্রদান করেন। সভাপতি পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখার জ্য অনুরোধ করেন। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখা, ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণকে সতর্ক থাকতে হবে।<br>২। ভূমি সংস্কার বোর্ডের ফরমেট মোতাবেক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৩। পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে।<br>৪। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখতে হবে এবং ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করতে হবে। | |

চলমান পাতা-৩

**4। ভূমি অফিসসমূহের কর্ম সম্পাদন/কর্ম তৎপরতাসংক্রান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপজেলা পর্যায়েরাজস্ব সভা সংক্রান্ত আলোচনা হয়। কুড়িগ্রাম সদর,নাগেশ্বরী, রাজারহাট,ফুলবাড়ী, উলিপুর, চিলমারী এবং রাজিবপুর উপজেলা হতে সেপ্টেম্বর ২০১৮ মাসের উপজেলা রাজস্ব সভার কার্য বিবরণীপাওয়া গিয়েছে। ভূরুঙ্গামারী ও রৌমারী উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে পাওয়া যায়নি মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন। ভূরুঙ্গামারী ও রৌমারী উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণী এ কার্যালয়েনা পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সহকারী কমিশনার(ভূমি)(সকল), কুড়িগ্রামকে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ে প্রতিমাসে রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্য বিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। যে সকল উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণীপাওয়া যাবে না পরবর্তীতে তাদেরকে কৈফিয়ত তলব করা হবে। সভাপতি মাসিক সভাসমূহ ফলপ্রসু ও কার্যকরভাবে করার উপর গুরুত্বারোপ করেন। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে সভাপতি পরামর্শ প্রদান করেন। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১. ৭৩২ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ে প্রতিমাসে রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। যে সকল উপজেলা হতে রাজস্ব সভার কার্য বিবরণীপাওয়া যাবে না পরবর্তীতে তাদেরকে কৈফিয়ত তলব করতে হবে।<br>২। মাসিক সভাসমূহ ফলপ্রসু ও কার্যকরভাবে করতে হবে।<br>৩। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম<br><br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম |

**ভূমি অফিসসমূহের কর্ম সম্পাদন/কর্ম তৎপরতা সংক্রান্ত বিবরণীঃ সেপ্টেম্বর ২০১৮**

| ক্রঃ নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্য বিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্য বিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | ১০/১০/২০১৮ | ৩১.০২.৪৯৫২.০০০.০৪.০০৬.১৮-৫১১(১৪), তারিখঃ ২৪/১০/১৮ | ২৪/১০/২০১৮ | সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে। |
| ২ | নাগেশ্বরী | ১১/১০/2018 | ৩১.০২.৪৯61.০০০.০3.০০1.১৮-৯৬0(30), তারিখঃ ১৬/১০/১৮ | ২৩/১০/2018 | সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | - | - | - | সভার কার্য বিবরণী পাওয়া যায়নি। |
| ৪ | ফুলবাড়ী | 09/১০/2018 | ৩১.০২.৪৯18.০০০.০3.০04.১৮-445(8), তারিখঃ21/১০/১৮ | ২4/১০/2018 | সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে। |
| ৫ | রাজারহাট | ২৪/০৯/২০১৮ | ৩১.০২.৪৯৭৭.০০০.০৩.০১০.১৮-৩৩৩(২৫), তারিখঃ০২/১০/১৮ | ১০/১০/২০১৮ | সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে। |
| ৬ | উলিপুর | ০৭/১০/২০১৮ | ৩১.০২.৪৯৯৪.০০০.০৩.০১২.১৮-৮৫৩(২২), তারিখঃ ০৭/১০/১৮ | ০৮/১০/২০১৮ | সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে। |
| ৭ | চিলমারী | ২৪/০৯/২০১৮ | ৩১.০২.৪৯০৯.০০০.০১.০০৭.১৮-৪৮৭(৯), তারিখঃ ১৭/১০/১৮ | ১৮/১০/২০১৮ | সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে। |
| ৮ | রৌমারী | - | - | - | সভার কার্য বিবরণী পাওয়া যায়নি। |
| ৯ | রাজিবপুর | ২৮/০৯/১৮ | ৩১.02.৪৯০8.০০০.০3.০04.১৮-৩২২(৯), তারিখঃ ১০/১০/১৮ | ২২/১০/২০১৮ | সভার কার্য বিবরণী পাওয়া গিয়েছে। |

চলমান পাতা-৪

## ৪। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/ মেরামত সংক্রান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় চলতি ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট জানান ২০১৮-২০১৯ অর্থ বছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস এর নামের তালিকা প্রেরণের জন্য সহকারী কমিশনার(ভূমি) (সকল), কুড়িগ্রামকে এ কার্যালয়ের ০৪/১০/২০১৮ খ্রিঃ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০৫. ০২২.১৮.১০৭৪ নং স্মারকে পত্র দেয়া হয়েছে।সে মোতাবেক শুধুমাত্র শুধুমাত্র রাজারহাট ও ফুলবাড়ী উপজেলা হতে তালিকা পাওয়া গিয়েছে।<br>সভাপতি ২০১৮-২০১৯ অর্থ বছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিসসমূহের নামের তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | ২০১৮-২০১৯ অর্থ বছরে কুড়িগ্রাম জেলার মেরামত /সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিসসমূহের তালিকা জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর/ নাগেশ্বরী/ ভূরুঙ্গামারী/উলিপুর /চিলমারী /রৌমারী/রাজিবপুর, কুড়িগ্রাম/ উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট। |

## ৫। অডিট সংক্রান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেলায় রাজস্ব প্রশাসনে মোট অডিট আপত্তির সংখ্যা ৬৭ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থের পরিমাণ 197498/১৮ টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরুপঃ | ১। যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে।<br>২।অডিট আপত্তি নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>৩। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ি ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) সকল কুড়িগ্রাম।<br>(২-৪)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

| উপজেলার নাম | আপত্তির পরিমাণ | জড়িত টাকা | মন্তব্য |
|---|---|---|---|
| কুড়িগ্রাম সদর | - | - | |
| নাগেশ্বরী | ০৭ | ৪৩২৫৩ | |
| ভূরুঙ্গামারী | - | - | |
| ফুলবাড়ী | ০৮ | ১০১০০ | |
| রাজারহাট | ১৩ | ৩৯৮৯৮ | |
| উলিপুর | - | - | |
| চিলমারী | ২৭ | ৮৯২২০ | |
| রৌমারী | - | - | |
| রাজিবপুর | ১2 | 15027/১৮ | |
| মোট= | ৬7 | 197498/১৮ | |

প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায় যে, এ জেলায় রাজস্ব প্রশাসনে মোট অডিট আপত্তির সংখ্যা ৬৭ টি। সেপ্টেম্বর/২০১৮ মাসে কোন উপজেলা হতে ব্রডশীট জবাব পাওয়া যায়নি। যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি অনুরোধ করেন। অডিট আপত্তি নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করেন। হিসাব তত্ত্বাবধায়ক(রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ি ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সংখ্যা সভায় উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা-৫

## ৬। নামজারী মোকদ্দমা সংক্রান্তঃ(সেপ্টেম্বর/২০১৮)

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|

### আলোচনা

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা ৪৫ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| কুড়িগ্রাম সদর | ২৪৫ | ১৪৭ | ৩৯২ | ১৫৯ | ২৩৩ |
| নাগেশ্বরী | ৪০ | ২২০ | ২৬০ | ২০৫ | ৫৫ |
| ভূরুঙ্গামারী | 48 | ৯৭ | ১৪৫ | ৪০ | ১০৫ |
| ফুলবাড়ী | ৬০ | ১১০ | ১৭০ | ০৪ | ১৬৬ |
| রাজারহাট | ২০৯ | 157 | 366 | 100 | 266 |
| উলিপুর | ২৭০ | 180 | 450 | 110 | ৩40 |
| চিলমারী | - | 20 | 20 | - | 20 |
| রৌমারী | 410 | ৯৬ | ৫০৬ | ১০০ | ৪০৬ |
| রাজিবপুর | 58 | 32 | 90 | 31 | 59 |
| সর্বমোট | ১৩৪০ | ১০৫৯ | ২৩৯৯ | ৭৪৯ | 1৬৫০ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথিজাত করা হয়েছে | মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | ৪৫ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | . | ২৪ | - | ১০ | ১০ | ১৪ |
| নাগেশ্বরী | - | ২৫ | - | ১০ | ১০ | ১৫ |
| ভূরুঙ্গামারী | ১২ | ২৪ | - | ১২ | ১২ | ১২ |
| ফুলবাড়ী | - | - | - | - | - | - |
| রাজারহাট | - | - | - | - | - | - |
| উলিপুর | - | - | - | - | - | - |
| চিলমারী | 15 | 15 | - | - | - | 15 |
| রৌমারী | - | - | - | - | - | - |
| রাজিবপুর | - | - | - | - | - | - |
| সর্বমোট | ৪২ | ৮৮ | - | ৩২ | ৩২ | ৫6 |

সভাপতি নামজারী মোকদ্দমা যথাসময়ে নিষ্পত্তির জন্য ধারাবাহিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে নামজারীর মামলা নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করেন। সহকারী কমিশনার(ভূমি)গণকে উভয় খন্ডের নামজারী কেস নিষ্পত্তিতে অধিক তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। নামজারি কেস পেন্ডিং না রেখে সরকারের সর্বশেষজারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিষ্পত্তি করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনাপ্রদান করেন এবং সে মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে কি না সে বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারগণকে তদারকি করার জন্য সভাপতি অনুরোধ করেন। সহকারী কমিশনার (ভূমি) গণ সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণ করে চুড়ান্ত সিদ্ধান্ত/আদেশ স্ব-হস্তে লিখবেন এবং খতিয়ান নিজ হাতে সংশোধন করবেন। ৪৫ দিনের উর্ধ্বে নামজারী মামলা কোনভাবে পেন্ডিং রাখা যাবে না,থাকলে তার কারণসহ কতটি নামজারী মামলা পেন্ডিং রয়েছে তা এ কার্যালয়কে অবহিত করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করেন। তিনি জেলা রাজস্ব সভার সিদ্ধান্তসমূহ উপজেলা রাজস্ব সভায় আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি এল.টি নোটিশ অস্পষ্ট/গরমিল থাকার বিষয়ে সাব রেজিস্ট্রারের সাথে সমন্বয়পূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করেন এবং এল.টি নোটিশের ভিত্তিতে নামজারী মোকদ্দমা রুজু করে তা নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। কোন অবস্থাতেই ইউনিয়ন ভূমি অফিসে কোন আবেদন গ্রহণ করা যাবে না। বিষয়টি সহকারী কমিশনার (ভূমি)গণ নিশ্চিত করবেন।

### সিদ্ধান্ত

১। নামজারী মোকদ্দমার রেজিস্টার সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। শেষ আদেশ সহকারী কমিশনার (ভূমি) গণকে স্ব-হস্তে লিখতে হবে। বিশেষ ক্ষেত্রে আদেশ কম্পিউটারে টাইপ করা হলে আমার কথিত মতে টাইপকৃত/ মুদ্রিত ও সংশোধিত লিখে স্বাক্ষর করতে হবে।

২। নামজারী মোকদ্দমার সংশ্লিষ্ট সকল আইন/ বিধি যথাযথভাবে অনুসরণপূর্বক রেকর্ড সৃজন, রেজিস্টার রক্ষণাবেক্ষণ, হোল্ডিং সংশোধন ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। নিষ্পত্তিকৃত নামজারীর ডিসিআর এর মাধ্যমে আদায়কৃত টাকা যথাযথভাবে জমা দানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। নামজারী মোকদ্দমাসমূহ আবেদনের ক্রম অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। জমির মালিকানা রেজিস্টারে সঠিকভাবে জমির পরিমাণ সংশোধন করাসহ হোল্ডিং সৃজন করে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে প্রতিবেদন দেয়ার জন্য নথিতে তারিখ নির্ধারণ করে দিতে হবে।

৫। জেলা রাজস্ব সভার সিদ্ধান্তসমূহ উপজেলা রাজস্ব সভায় আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৬। এল.টি নোটিশ অস্পষ্ট/গরমিল থাকার বিষয়ে সংশ্লিষ্ট সাব রেজিস্ট্রারের সাথে সমন্বয়পূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৭। ইউনিয়ন ভূমি অফিসে কোন আবেদন গ্রহণ করা যাবে না। বিষয়টি সহকারী কমিশনার(ভূমি)গণকে নিশ্চিত করতে হবে।

### বাস্তবায়ন

(১-৫)। উপজেলা নির্বাহী অফিসার(সকল) /সহকারী কমিশনার (ভূমি) (সকল)/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল) কুড়িগ্রাম।

(৬-৭)। সহকারী কমিশনার (ভূমি) (সকল) / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) কুড়িগ্রাম।

চলমান পাতা-৬

## 7। ই-নামজারী মোকদ্দমা সংক্রান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ভূমি মন্ত্রণালয় অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এর ১৩/১২/২০১৭ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২ ৮৪৯ নং স্মারকে জেলা রাজস্ব সভায় ই-নামজারী কার্যক্রম অর্ন্তভূক্ত করার নির্দেশনা রয়েছে।ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বর্তমানে কুড়িগ্রাম জেলার উলিপুর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলায় ই- নামজারী (ই- মিউটেশন) কার্যক্রম শুরু করা হয়েছে। কুড়িগ্রাম সদর উপজেলায় সদ্য ই-নামজারী কার্যক্রম শুরু করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় অবহিত করেন যে, ই-মিউটেশন সংক্রান্ত প্রতিবেদন উলিপুর, রাজারহাট ও ফুলবাড়ী উপজেলা হতে পাওয়া গিয়েছে। এখন থেকে প্রতিমাসে নিয়মিত পৃথকভাবে ই-মিউটেশন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনাপ্রদান করেন। সভাপতি বলেন ভূমি ব্যবস্থাপনায় ই- নামজারি সেবা একটি গুরুত্বপূর্ণ জনবান্ধব সেবা। ই-মিউটেশন প্রক্রিয়ায় সেবা প্রত্যাশীগণ ঘরে বসেই অথবা নিকটস্থ ডিজিটাল সেন্টারে গিয়ে নামজারীর জন্য আবেদন করতে পারেন এবং কম সময়ে, কম খরচে এবং ভোগান্তিবিহীন উক্ত সেবা গ্রহণ করতে পারেন। যে সকল উপজেলায় ই- নামজারির কার্যক্রম এখনও শুরু করা হয়নি সে সকল উপজেলায় ই-নামজারির কার্যক্রম সুচারুভাবে বাস্তাবায়নের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে নিবিড় তদারকি ও পরিবীক্ষণ করতে নির্দেশনা প্রদান করেন। তিনি প্রতিটি নামজারি খতিয়ান স্ক্যান করে সফট কপি সংরক্ষণ করার জন্য এবং ই-নামজারির মাধ্যমে অনুমোদিত নামজারির নামজারি ফি ও খতিয়ান ফি ই-পেমেন্ট এর মাধ্যমে আদায় কার্যক্রম চালু করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি মন্ত্রণালয় অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এর ১৩/১২/২০১৭ খ্রিঃ তারিখের ৩১.০০. ০০০০. ০৪৬. ০৬. ০৪৮.১২ ৮৪৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ই-নামজারী অনলাইনে করে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br>২। যে সকল উপজেলায় ই- নামজারির কার্যক্রম এখনও শুরু করা হয়নিসে সকল উপজেলায় ই- নামজারির কার্যক্রম সুচারুভাবে বাস্তাবায়নের জরুরি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। ই-নামজারির মাধ্যমে অনুমোদিত নামজারির নামজারি ফি ও খতিয়ান ফি ই-পেমেন্ট এর মাধ্যমে আদায় কার্যক্রম চালু করতে হবে। | ১।সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর ফুলবাড়ী /রাজারহাট/উলিপুর, কুড়িগ্রাম।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট) (সকল) /সহকারী কমিশনার (ভূমি) ,কুড়িগ্রাম সদর /নাগেশ্বরী /ভূরুঙ্গামারী /চিলমারী /রৌমারী /রাজিবপুর, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**ই-নামজারী সংক্রান্ত বিবরণীঃ সেপ্টেম্বর,২০১৮**

| ক্রঃ নং | উপজেলার নাম | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | | মোট কেসের সংখ্যা | | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | অবশিষ্ট অনিষ্পন্ন কেসের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | (৭-৯) | (৮-১০) | |
| | | ১ম ভাগ | ২য় ভাগ | ১ম ভাগ | ২য় ভাগ | ১ম ভাগ | ২য় ভাগ | ১ম ভাগ | ২য় ভাগ | ১ম ভাগ | ২য় ভাগ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | ফুলবাড়ী | ৬০ | - | ১১০ | - | ১৭০ | - | ০৪ | - | ১৬৬ | - | |
| ২ | রাজারহাট | ২০৯ | - | 157 | - | 366 | - | 100 | - | 266 | - | |
| ৩ | উলিপুর | ২৭০ | - | 180 | - | 450 | - | 110 | - | ৩40 | - | |
| সর্ব মোট= | | ৫৩৯ | | ৪৪৭ | | ৯৮৬ | | ২১৪ | | ৭৭২ | - | |

## ০৮(ক)। ২০১৮-১৯ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায়(সাধারণ ): সেপ্টেম্বর/২০১৮

| উপজেলা | মাসের নাম | দাবী | আগস্ট মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| কুড়িগ্রাম সদর | সেপ্টেম্বর/১৮ | ৬৫৬৭৮৭৯ | 322085 | ৮৪৯০২১ | ১২.৯৩% |
| | সেপ্টেম্বর/১৭ | ৫৭৮৩৩১১ | ২০০০২৩ | ৬০৯৪১৫ | ১০.৫৩% |
| নাগেশ্বরী | সেপ্টেম্বর/১৮ | ৩৬9৮৪০৩ | ২৭০৭৯৪ | ৬৩৯২৩৪ | ১৭.২৮% |
| | সেপ্টেম্বর/১৭ | ৩৬৯৪২৭১ | ২৩৭০০৯ | ৩৩৭৩১০ | ১৫.৫৪% |
| ভূরুঙ্গামারী | সেপ্টেম্বর/১৮ | ২৬৮০০৮২ | ২০৪5০৯ | ৫৮92৮৫ | ২১.৯৯% |
| | সেপ্টেম্বর/১৭ | ২৩১৪৩৬৩ | ১০৬৬৯৫ | ৩০৫৪৩৫ | ১৭.৮১% |
| ফুলবাড়ী | সেপ্টেম্বর/১৮ | ১৯৯৮৬০০ | ১৯১০৯০ | ৩৭৬৪২২ | ১৮.৮৩% |
| | সেপ্টেম্বর/১৭ | ১৯৫৯৪১৭ | ১৩১৩৮৩ | ২০০৩২১ | ১০.২২% |
| রাজারহাট | সেপ্টেম্বর/১৮ | ২৯৬২৪১৯ | ১৬৪১৩৬ | ৪৩২২২৪ | ১৪.৫৯% |
| | সেপ্টেম্বর/১৭ | ২৮১০৪৯৬ | ২২০৮৫১ | ৫৪০০৪৫ | ১৯.২১% |
| উলিপুর | সেপ্টেম্বর/১৮ | ৪৬৩১৯৭১ | ৩৮৩১৫৫ | ৮০৮৬৯১ | ১৭.৪৫% |
| | সেপ্টেম্বর/১৭ | ৪৪৫৬৬৪৪ | ২৬৭০৭০ | ৫০৩১২৩ | ১৭.২৮% |
| চিলমারী | সেপ্টেম্বর/১৮ | ১৪৭১৫১২ | ১০৫০১০ | ২৮৬১১১ | ১৯.৪৪% |
| | সেপ্টেম্বর/১৭ | ১৩৮৯২৬২ | ৭৮৮৭৪ | ১৬২৭৮৮ | ১১.৭২% |
| রৌমারী | সেপ্টেম্বর/১৮ | ৪০৭০৮৮১ | ৩২৩০২৫ | ৮৯০৩৩২ | ২১.৮৭% |
| | সেপ্টেম্বর/১৭ | ৩৭৪৫৯৫৯ | ২৪৬৩৬১ | ৮৪৯৬৪৯ | ২২.৬৮% |
| রাজিবপুর | সেপ্টেম্বর/১৮ | ১৪৬৩৪৭০ | ১২৮৮০০ | ২৮৪৪১৫ | ১৯.৪৩% |
| | সেপ্টেম্বর/১৭ | ১৩৫০৬৮০ | ৯০২১২ | ২৩০২২৫ | ১৭.০৪% |
| সর্ব মোট | সেপ্টেম্বর/১৮ | ২৯৫৪৫২১৭ | 2092604 | ৫১৫৫৭৩৫ | ১৭.৪৫% |
| | সেপ্টেম্বর/১৭ | ২৭৫০৪৪০৩ | ১৫৭৮৪৭৮ | ৪৩৪৯০৮৫ | ১৫.৮১% |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় অবহিত করেন যে, চলতি অর্থ বছরে ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে জুলাই/২০১৮ মাস হতে সেপ্টেম্বর/২০১৮ মাস পর্যন্তসাধারণের পুঞ্জিভূত আদায় ৫১,৫৫,৭৩৫/- টাকা । আদায়ের হার ১৭.৪৫%। গত বছর একই সময়ে পুঞ্জিভূত আদায় ৪৩,৪৯,০৮৫/-টাকা । আদায়ের হার ১৫.৮১%। ইতোমধ্যে চলতি অর্থ বছরের০৪ (চার) মাস অতিক্রান্ত হয়েছে আদায়ের হার আশানুরুপ হয়নি মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। ২০১৮-১৯ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের দাবি মোতাবেক মে ২০১৯ মাসের মধ্যে ১০০% আদায় নিশ্চিতকল্পে মাসভিত্তিক কর্ম পরিকল্পনা প্রস্তুত করে আদায়ে তৎপর হতে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করেন।এছাড়াও গত ২০১৭-১৮ অর্থ বছরের আদায়কৃত টাকার হিসাব বিবরণী/চালান শতভাগ অনলাইনে যাচাইপূর্বক রেজিস্টারে লিপিবদ্ধ করত: জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য তিনি সহকারী কমিশনার(ভূমি)(সকল)/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন। | ১। চলতি ২০১৮-১৯ অর্থ বছরের নির্ধারণকৃত সাধারণের ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে অক্টোবর /২০১৮ মাসের মধ্যে ভূমি উন্নয়ন কর আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার ৩০% অর্জন করতে হবে এবং মে ২০১৯ মাসের মধ্যে ১০০% আদায় নিশ্চিতকল্পে মাসভিত্তিক কর্ম পরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>২। ২০১৭-১৮ অর্থ বছরের আদায়কৃত টাকার হিসাব বিবরণী/চালান শতভাগ অনলাইনে যাচাইপূর্বক রেজিস্টারে লিপিবদ্ধ করত: জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) / ভূরুঙ্গামারী/ রাজারহাট, কুড়িগ্রাম (২-৩)। উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## ০৮(খ)। ২০১৭-১৮ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা):সেপ্টেম্বর ২০১৮

### আলোচনা

| উপজেলার নাম | মাসের নাম | দাবী | আগস্ট মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| কুড়িগ্রাম সদর | সেপ্টেম্বর/১৮ | ৩৫০৩২৫৫ | 225২0 | 95104 | ০২.৭১% |
| | সেপ্টেম্বর/১৭ | ৩৪১৪৪৮৯ | - | ২১৫০০ | ০০.৬২% |
| নাগেশ্বরী | সেপ্টেম্বর/১৮ | ৫৪৯০৭০ | - | - | - |
| | সেপ্টেম্বর/১৭ | ৪৫৪৮৪৪ | ১২৪৩৫ | ৪১৩১১ | ০৯.০৮% |
| ভূরুঙ্গামারী | সেপ্টেম্বর/১৮ | ৪০৫১৬১ | - | - | - |
| | সেপ্টেম্বর/১৭ | ৪০৮৮২১ | - | ৮২৪০ | ০২.০১% |
| ফুলবাড়ী | সেপ্টেম্বর/১৮ | ২৪৩৭১৯ | ২৯৭০ | 12624 | ০৩.১২% |
| | সেপ্টেম্বর/১৭ | ২৩৮২০৮ | | ৩২৮৩৫ | ১৩.৭৮% |
| রাজারহাট | সেপ্টেম্বর/১৮ | ৩৯০০৪২২ | - | - | - |
| | সেপ্টেম্বর/১৭ | ৪৩০৭৪০৫ | ২৬০৮ | ২৬০৮ | ০০০.০৬% |
| উলিপুর | সেপ্টেম্বর/১৮ | ৭২৯৬৩৮৭ | ৩৫৩০০ | ১৫১১০৪ | ০২.০৭% |
| | সেপ্টেম্বর/১৭ | ৬৩৮০৫৬৭ | ৫৩৭৫ | ৫০৭৭১ | ০০.৭৯% |
| চিলমারী | সেপ্টেম্বর/১৮ | ৩৫৭৫৪২ | ৬৫৫ | ২৪৬৪৭ | ০৬.৮৯% |
| | সেপ্টেম্বর/১৭ | ৩৯৯৭২০ | ২১৭০ | ২০৭৪৬ | ০৫.১৯% |
| রৌমারী | সেপ্টেম্বর/১৮ | ১৫৮৯০৮ | - | - | - |
| | সেপ্টেম্বর/১৭ | ১৪১৪৩৮ | - | - | ০০.০০% |
| রাজিবপুর | সেপ্টেম্বর/১৮ | ১২৬১৩০ | - | - | |
| | সেপ্টেম্বর/১৭ | ১০৮৫৯৪ | - | ৩১৮৭ | ০২.৯৩% |
| সর্ব মোট | সেপ্টেম্বর/১৮ | ১৬৫৪০৫৯৪ | 61445 | 283479 | ০১.৭১% |
| | সেপ্টেম্বর/১৭ | ১৫৮৫৪০৮৬ | ১৯৯৮০ | ১৮১১৯৮ | ০১.১৪% |

প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায়, গত ২০১৭-২০১৮ অর্থ বছরে সেপ্টেম্বর/১৭ মাসে সংস্থার আদায় ছিল ১৯,৯৮০ /- টাকা এবং চলতি অর্থ বছরে সেপ্টেম্বর/২০১৮ মাসে আদায় হয়েছে 61,445/-টাকা। গত বছর পুঞ্জিভূত আদায় ছিল ১,৮১,১৯৮/- টাকা আদায়ের হার ০১.১৪%। এ বছর পুঞ্জিভূত আদায় ২,৮৩,৪৭৯/- টাকা। আদায়ের হার ০১.৭১% । সভাপতি সংস্থার দাবি বছরের শুরু থেকে আদায়ের জোর প্রচেষ্টা চালানোর নির্দেশনা প্রদান করেন। তিনি উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থার প্রধানকে ইউনিয়ন ভূমি অফিসভিত্তিক সংস্থার দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রদান করে অনুলিপি এ অফিসে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ জানান। তিনি সংস্থার দাবি শতভাগ আদায়ের লক্ষ্যে বছরের শুরুতেই সংস্থার প্রধানকে নিয়ে আলোচনার মাধ্যমে ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং সংস্থার প্রধানদের সাথে ফোনালাপের মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন।

### সিদ্ধান্ত

১। সংস্থার ভূমি উন্নয়ন কর বাবদ অনাদায়ী টাকা আদায়ের লক্ষ্যে বিভিন্ন কৌশল অবলম্বনসহ জোর প্রচেষ্টা চালাতে হবে।

২। মন্ত্রণালয়ভিত্তিক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের তৎপরতা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থার স্থানীয় প্রতিনিধির সাথে ফোনালাপের মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

### বাস্তবায়ন

(১-৩)। উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

## ০৯। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: সেপ্টেম্বর ২০১৮

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান কুড়িগ্রাম জেলায় তালিকাভুক্ত অর্পিত সম্পত্তির পরিমাণ ২৪৩০.৫৪৫ একর। লীজকৃত সম্পত্তির পরিমাণ ১৩৩.১৯৮০ একর। ২০১৮-২০১৯ অর্থ বছরে অর্পিত সম্পত্তির মোট দাবি ৯,২৬,২৬৩/- টাকা। সেপ্টেম্বর/২০১৮ মাসে আদায় ৮১৫/- টাকা। পুঞ্জিভূত ১6,391/- টাকা আদায় আদায়ের হার ০১.৭৭%। আদায়ের হার সন্তোষজনক নয় মর্মে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি বিষয়টি খতিয়ে দেখার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। ।<br>সভাপতি আগামী রাজস্ব সভার পূর্বেই ইউনিয়নভিত্তিক অর্পিত সম্পত্তির হালনাগাদ তথ্য এ অফিসে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন। লীজগ্রহীতাদের ছবিসহ তালিকা/ডাটাবেইস প্রস্তুতের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি ভিপি সম্পত্তির অবৈধ দখলকারীর তালিকা এবং যারা লীজ নিয়েছেন তারা ভোগদখল করছেন কিনা সে বিষয়ে তথ্য এ অফিসে প্রেরণ করতে উপজেলা নির্বাহীঅফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনাপ্রদান করেন। তিনি অর্পিতসম্পত্তি লীজ নবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং লিজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লীজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করার পরামর্শ প্রদান করেন। অর্পিত সম্পত্তির আদায় দ্রুত বৃদ্ধি করার নিমিত্ত প্রতিদিন কমপক্ষে ১০(দশ) টি ভিপি নথির উপর নোটিশ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। উপজেলা ভূমি অফিসের ভিপি নথির কার্যক্রম হালনাগাদ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন। দীর্ঘদিন যাবৎ যে সকল লীজগ্রহিতা লিজমানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহিতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লীজ বাতিল করত নতুনভাবে লীজ প্রদান করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। লীজ বহির্ভূত কোন অর্পিত সম্পত্তি থাকলে তার তালিকা প্রণয়ন করতে এবং উক্ত সম্পত্তিতে কোন অবৈধ দখলদার থাকলে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহীঅফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে সভায় অনুরাধ করা হয়। জেলা ও উপজেলা হতে লীজমানি আদায় করতে অনুরোধ করেন। কোন কর্মচারী/ কর্মকর্তার দায়িত্ব অবহেলার কারণে বকেয়া অর্থ আদায় না হলে বা দাবি তামাদি হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। অর্পিত সম্পত্তির আদায় সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>২। আগামী রাজস্ব সভার পূর্বেই ইউনিয়নভিত্তিক অর্পিত সম্পত্তির হালনাগাদ তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৩। লীজকৃত অর্পিত সম্পত্তির জন্য আলাদা আলাদা তালিকা প্রণয়ন করতে হবে এবং উক্ত তালিকায় লীজিদের ছবিসহ তালিকা /ডাটাবেইস ও হালনাগাদ তথ্য থাকতে হবে। ভি,পি রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>৪। লীজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।<br>৫। দীর্ঘ দিন যাবৎ যে সকল লীজগ্রহিতা লীজমানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহিতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।<br>৬। ভিপি সম্পত্তির অবৈধ দখলকারীর তালিকা প্রেরণ করতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদের এবং যারা লীজ নিয়েছেন তারা ভোগদখল করছেন কিনা সে বিষয়ে তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৭। জেলা ও উপজেলা হতে লীজমানি আদায় করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহীঅফিসার (সকল), কুড়িগ্রাম।<br>(২-৭)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী,সেপ্টেম্বর ২০১৮ মাস

| ক্রঃ নং | উপজেলার নাম | তালিকাভুক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০১৮-২০১৯) | সেপ্টেম্বর ১৮ মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | কুড়িগ্রাম সদর | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | ১৪০৪৬৯ | ৮৫১ | ৭৯৬৭ | ০৫.৬৭% | |
| ২ | নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | ৩০১১১ | - | ৮৪২৪ | ২৭.৯৭% | |
| ৩ | ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | ৫৯২০৫ | - | - | - | |
| ৪ | ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | ৫৭৩৩১ | - | - | - | |
| ৫ | রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | ৫২৮০ | - | - | - | |
| ৬ | উলিপুর | ১২৯.৮৫০১ | ২৪.৭৪ | ১০৯৪৪৭ | - | - | - | |
| ৭ | চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | ৪৭৮৫ | - | - | - | |
| ৮ | রৌমারী | ২৯৭.৫৬৫ | ১৯.১৯৫ | ৫১৯৬৩৫ | - | - | - | |
| ৯ | রাজিবপুর | - | - | - | - | - | - | ‘ক’ তফশীলভূক্ত সম্পত্তি নেই |
| | সর্বমোট= | ২৪৩০.৫৪৫ | ১৩৩.১৯০ | ৯২৬২৬৩ | ৮৫১ | ১৬৩৯১ | ০১.৭৭% | |

চলমান পাতা-৯

**10। হাট-বাজারের পেরিফেরি সংক্রান্তঃ সেপ্টেম্বর ২০১৮**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
